সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৪৬

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সাওয়ারীতে আরোহণের সময় কী দু'আ পড়বে

باب مَا يَقُولُ إِذَا رَكِبَ النَّاقَةَ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَلِيِّ بْنِ رَبِيعَةَ، قَالَ شَهِدْتُ عَلِيًّا أُتِيَ بِدَابَّةٍ لِيَرْكَبَهَا فَلَمَّا وَضَعَ رِجْلَهُ فِي الرِّكَابِ قَالَ بِسْمِ اللَّهِ ثَلاَثًا فَلَمَّا اسْتَوَى عَلَى ظَهْرِهَا قَالَ الْحَمْدُ لِلَّهِ ثُمَّ قَالَ : (سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ * وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ) ثُمَّ قَالَ الْحَمْدُ لِلَّهِ ثَلاَثًا وَاللَّهُ أَكْبَرُ ثَلاَثًا سُبْحَانَكَ إِنِّي قَدْ ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي فَإِنَّهُ لاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ . ثُمَّ ضَحِكَ . فَقُلْتُ مِنْ أَىِّ شَيْءٍ ضَحِكْتَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم صَنَعَ كَمَا صَنَعْتُ ثُمَّ ضَحِكَ فَقُلْتُ مِنْ أَىِّ شَيْءٍ ضَحِكْتَ يَا رَسُولَ اللَّهِ قَالَ " إِنَّ رَبَّكَ لَيَعْجَبُ مِنْ عَبْدِهِ إِذَا قَالَ رَبِّ اغْفِرْ لِي ذُنُوبِي إِنَّهُ لاَ يَغْفِرُ الذُّنُوبَ غَيْرُكَ " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ رضى الله عنهما . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩৪৪৬. কুতায়বা (রহঃ) ...... আলী ইবন রাবীআ (রহঃ) থেকে বর্ণিত, আমি আলী রাদিয়াল্লাহু আনহু এর কাছে হাজির ছিলাম। তখন আরোহনের উদ্দেশ্যে তার কাছে একটি সাওয়ারী আনা হল। তারপর তিনি যখন তার পা রেকাবে রাখলেন তখন বললেনঃ বিসমিল্লাহ্, এরপর যখন তার পিঠে সোজা হয়ে বসলেন, বললেনঃ আলহামদুলিল্লাহ, পরে বললেনঃ

سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ * وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ

পবিত্র মহান তিনি যিনি এদের আমাদের বশীভূত করে দিয়েছেন যদিও আমরা সমর্থ ছিলাম না এদের বশীভূত করতে। আমরা আমাদের রবের নিকট আবশ্যই প্রত্যাবর্তন করব।

এরপর তিনি তিনবার আলহামদুলিল্লাহ বললেন। এরপর বললেনঃ

سُبْحَانَكَ إِنِّي قَدْ ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي فَإِنَّهُ لاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ

এর পর তিনি হাসলেন। আমি বললামঃ হে আমিরুল মুমিনীন! কী কারনে হাসলেন? তিনি বললেনঃ আমি যেরূপ করলাম রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকেও সেরূপ করার পর হাসতে দেখেছি। আমি তখন তাঁকে বললামঃ কি কারনে হাসলেন ইয়া রাসুলাল্লাহ! তিনি বললেনঃ তোমার রব তার সে বন্দার প্রতি অত্যন্ত খুশি হন যখন সে বলেঃ হে আমার রব! মাপ করে দও আমার গুনাহসমূহ তুমি ছাড়া আর কেউ তো গুনাহ মাপ করার নেই।

সহীহ, আল কালিমুত তাইয়্যিব ১৭২/১২৬, সহীহ আবু দাউদ ২৩৪২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪৪৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। হাদীসটি হাসান-সহীহ।

English

Ali bin Rabi’ah said:
“I witnessed Ali having an animal brought to him to ride. When he placed his foot in the stirrup he said: ‘In the Name of Allah,’ (Bismillāh) [three times]. So then, once he had ascended upon its back, he said: ‘All praise is due to Allah.’ (Al-ḥamdulillāh) then he said: Glory is to Him Who has subjected this to us, and we were not able to do it. And, surely, to our Lord are we returning (Subḥān alladhī sakh-khara lanā hādhā wa mā kunnā lahū muqrinīn. Wa innā ilā rabbinā lamunqalibūn). Then he said: ‘All praise is due to Allah (Al-ḥamdulillāh)’ – three times – and ‘Allah is the Greatest (Allāhu Akbar)’ – three times – ‘Glory is to You, indeed I have wronged myself, so forgive me, for indeed none forgives sins except You (Subḥānaka innī qad ẓalamtu nafsī faghfirlī fa-innahū lā yaghfirudh-dhunūba illā ant).’ Then he laughed. So I said: ‘O Commander of the Believer! What caused you to laugh?’ He said: ‘I saw the Messenger of Allah do as I did, then he (ﷺ) laughed, so I said, ‘What cause you to laugh?’ He said: ‘Indeed, your Lord is very pleased with His worshipper when he says: “O my Lord, forgive me my sins, indeed, no one other than You forgives sins.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আলী ইবনু রাবী'আ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38848

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন